গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

**বিষয়: শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন ও মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খলিল আহমদ |
| | : | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৯ নভেম্বর ২০২৩ |
| সময় | : | বেলা ১২.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং অনলাইন |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালনের লক্ষ্যে গত ২৯ আগস্ট ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপনের লক্ষ্যে গত ০১ আগস্ট ২০২৩ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয় এবং বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাকে বাস্তবায়নের দায়িত্ব প্রদান করা হয়।

০২. সভায় বিস্তারিত আলোচনান্তে শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | ১৪-১২-২৩ | ক) ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ৭.৩০টায় মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধানগণ মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রধান ফটকে একত্রিত হয়ে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে রায়ের বাজার বধ্যভূমিতে গমন এবং পুষ্পস্তবক অর্পণ। উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী যথাক্রমে সকাল ৭.০৫টা এবং ৭.০৬ টায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী যথাক্রমে সকাল ৭.১৫ টা এবং ৭.২০টায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ স্থান প্রস্থান করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা। |
| | | খ) ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ সকল দপ্তর/সংস্থায় শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও আলোচনা সভা আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |

৩.০ অতঃপর সভায় মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | ১৬-১২-২৩ | ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ সকাল ৯.০০টায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ সাভার জাতীয় স্মৃতিসৌধের প্রধান ফটকে একত্রিত হয়ে পুষ্পস্তবক অর্পণ। যুগ্মসচিব (অনুষ্ঠান) এ বিষয়ে সমন্বয় করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা। |
| ৩.২ | ১৬-১২-২৩ (পতাকা বিধি অনুযায়ী) | ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| | | গ) গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ৩.৩ | ১৬-১২-২৩ (সুবিধাজনক সময়ে) | বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমি, নজরুল ইনস্টিটিউট, জাতীয় জাদুঘর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, গারো কালচারাল একাডেমি বিরিশিরি (নেত্রকোনা), মণিপুরী একাডেমি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাঁওতাল সম্প্রদায় রাজশাহী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর রাখাইন সম্প্রদায়, কক্সবাজার বিভিন্ন সামাজিক/সাংস্কৃতিক সংগঠন কর্তৃক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা। |
| ৩.৪ | ০১-১২-২৩ থেকে ৩১-১২-২৩ | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে মহান বিজয় দিবস উপলক্ষ্যে মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাসভিত্তিক অনুষ্ঠানমালা প্রচার। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৩.৫ | ১৬-১২-২৩ | বাংলা একাডেমি মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বিজয় বই মেলা আয়োজন করবে। | বাংলা একাডেমি। |
| ৩.৬ | ১৬-১২-২৩ | জাতীয় ও জেলা পর্যায়ে মুক্তিযুদ্ধ ভিত্তিক আলোচনা সভা, মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ৩.৭ | ১৬-১২-২৩ | সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি ছাড়াও শিশু কিশোর এবং সিনিয়র সিটিজেনদের জন্য উন্মুক্ত রাখা হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |

| ক্রমিক | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.৮ | ১৬-১২-২৩ | সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতাস্তম্ভে/ভূ-গর্ভস্থ জাদুঘরে মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক প্রামাণ্যচিত্র/পোষ্টার প্রদর্শনীসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা। | বাংলাদেশ জাতীয় জাদুঘর। |
| ৩.৯ | ১৬-১২-২৩ | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা গত বছরের ন্যায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্যতা বজায় রেখে মহান বিজয় দিবস উদ্‌যাপন করবেন এবং অফিসসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন করে দেশিয় সামগ্রি দ্বারা সুসজ্জিত করতে হবে। | মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |

০৪. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি শহিদ বুদ্ধিজীবী দিবস পালন ও মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খলিল আহমদ
সচিব

স্মারক নং- ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯৭.২৩. ৮২৭

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩০ / ২৭ নভেম্বর ২০২৩

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৩. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৪. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৫. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরে-বাংলা নগর, ঢাকা;
৬. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা;
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৮. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১১. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১৩. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৫. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৬. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৭. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৮. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
c:\admin file(28-11-2023)\meeting ... বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি।

২৭/১১/২৩

আইরীন ফারজানা
উপসচিব
ফোন-৫৫১০১১৬৫
ইমেইল: event.section@moca.gov.bd